সংবাদ

তারিখ ... 01 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

### শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ

# বান্দরবান পার্বত্য জেলা পরিষদের বাজেট ঘোষণা

প্রতিনিধি, বান্দরবান

শিক্ষা খাতকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বান্দরবান পার্বত্য জেলা পরিষদের ২০১৬-১৭ অর্থ বছরের ৬১ কোটি টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। এই বাজেটে প্রস্তাবিত উন্নয়ন বাজেট ধরা হয়েছে ৫৯ কোটি টাকা। অন্যদিকে সংস্থাপন বাজেট ধরা হয়েছে ১০ কোটি ৯১ লাখ ২০ হাজার টাকা।মঙ্গলবার বিকালে বান্দরবান জেলা পরিষদের চেয়ারম্যান ক্যশৈহ্লা পরিষদের সম্মেলন কক্ষে এই বাজেট ঘোষনা করেন। এ সময় জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অধ্যাপক থানজামা লুসাই, জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, নির্বাহী কর্মকর্তা মো: নুরুল আবছার, জেলা পরিষদের সদস্য মোজাম্মেল হক বাহাদুর, ক্যসাপ্রু, লক্ষিপদ দাশ, কাঞ্চন জয় তঞ্চঙ্গ্যা, মো: মোস্তফা, ফিলিফস ত্রিপুরা, সিংইয়ং ম্রো, থোয়াইহ্লা মং, ম্রাসা খেয়াং, তিংতিং ম্যা, ফাতেমা পারুলসহ ন্যস্ত বিভাগগুলোর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। এদিকে পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ক্যশৈহ্লা তার বাজেট বক্তব্যে বলেন, দুর্গমতা অর্থনৈতিক দুরবস্থা প্রয়োজনীয় বরাদ্দের অভাবসহ নানা কারণে শিক্ষা ব্যবস্থায় বান্দরবান এখনো অনেক পিছিয়ে রয়েছে। এখানকার অনুন্নত যোগাযোগ ব্যবস্থা কারনে কৃষি জমির অপ্রতুলতা, স্বল্প শিক্ষার হার ও দরিদ্রতা এবং কর্মস্থানের সুযোগ না থাকায় পার্বত্য এলাকার সার্বিক উন্নয়ন বাধাগ্রস্ত হচ্ছে। যে তুলনায় বাজেট দেয়া হয় সরকারের পক্ষ হতে সে হিসাবে বরাদ্দ না পাওয়ায় উন্নয়ন কাজ সম্পন্ন করতে সমস্যায় পরতে হচ্ছে পরিষদকে।

তিনি আরোও বলেন,জেলার গ্রামীণ ও দুর্গম এলাকার পাহাড়ী-বাঙ্গালীর সহাবস্থানের বিষয়টি বিবেচনায় রেখে পার্বত্য জেলা পরিষদ জনগনের ভাগ্য উন্নয়নের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে থাকেন। তিনি বলেন,জেলার সার্বিক কল্যাণের স্বার্থে বিশেষ করে শিক্ষা, যোগাযোগ, স্বাস্থ্য ও কৃষি এবং দারিদ্র্য হ্রাস এসব বিষয়কে অগ্রাধিকার দিয়ে বাজেট ঘোষণা করা হয়।তিনি ঘোষিত বাজেটের সফল বাস্তবায়নের জন্য বান্দরবানের সর্বস্তরের জনগণ ও সরকারের সহযোগিতা কামনা করেন। এদিকে প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতে ১১ কোটি ৮২ লাখ ৬৮ টাকা, অবকাঠামো ও যোগাযোগ খাতে ৮ কোটি ৬৪ লাখ ২৭ হাজার টাকা। স্বাস্থ্য ও সমাজকল্যাণ খাতে ৬ কোটি ৩৬ লাখ ৮৩ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে।অন্যদিকে সরকার হতে সম্ভাব্য আয় দেখানো হয়েছে ৪৮ কোটি ৮ লাখ ৮০ হাজার টাকা। এছাড়া পরিষদের নিজস্ব উৎস হতে আয় ধরা হয়েছে দুই কোটি টাকা।